



# দেওয়ালিতে আগুন থেকে সাবধানে থাকুন

দুই দিন পরেই আলোর উৎসব দীপাবলি। আলো আর বাজি পোড়ানর আনন্দে অসাবধান হলেই বিপদ! আগুন থেকে সাবধানে থাকুন, তবে একান্ত বিপদ ঘটলে চিকিৎসায় দেরী করবেন না- জানালেন সিনিয়ার প্লাস্টিক, কসমেটিক ও রিকসট্রাক্টিভ সার্জন ডা. অনির্বাণ ঘোষ।



## DR. ANIRBAN GHOSH

MBBS (Gold Medalist), MS  
(General Surgery), MRCS  
(England), Mch (Plastic &  
Reconstructive Surgery)

**প্রশ্নঃ আসন্ন দেওয়ালিতে কি ধরনের সাবধানতা নিতে হবে?**

**ডা. ঘোষঃ** শাড়ী জাতীয় পোষাকে বাজি পোড়ান বা বাতি জ্বালানর সময়ে সাবধান থাকতে হবে। শব্দ বা আলোর কোন বাজিই হাতে করে পোড়ান উচিত নয়। তবে ফুলবুরির মতো বাজিগুলি জ্বালানর সময়ে বাজিধরা হাতটিকে শরীর থেকে যতটা সম্ভব দূরে রাখতে হবে। খোলামেলা জায়গাতেই বাজি পোড়ান উচিত। কাছে অবশ্যই একটি কল বা জলের উৎস থাকতে হবে। একেবারে ছোট্টদের এই শব্দ বা আগুনের কাছে না নিয়ে আসাই ভালো। আর বাচ্চার বাজি পোড়ালে অবশ্যই সঙ্গে একজন বড়রা কেউ থাকবেন।

**প্রশ্নঃ কেউ কোনভাবে পুড়ে গেলে প্রাথমিক চিকিৎসা হিসাবে কি করা উচিত?**

**ডা. ঘোষঃ** বহিঃ ত্বক বা তার সামান্য নিচে পর্যন্ত পুড়ে গেলে অবশ্যই শরীরের পোড়া অংশটিকে রানিং ওয়াটারের নিচে

বা প্রচুর পরিমাণে জল দিয়ে ধুয়ে জায়গাটাকে ঠান্ডা করতে হবে। কিন্তু শরীরের পোড়া অংশে কখনোই বরফ দেবেন না বা কোনভাবে ঘষবেন না। পোশাক পরা অংশে পুড়ে গেলে দরকার হলে জামাকাপড় কেটে পোড়া অংশটিকে উন্মুক্ত করতে হবে। একান্ত ঢেকে রাখতে হলে জীবাণুমুক্ত গজ জড়িয়ে রাখা যেতে পারে। তবে ত্বকের উপরের সামান্য অংশই হোক বা গভীর ক্ষত, জল দিয়ে ধোওয়ার পরেই চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত। কোন রকমের ঘরোয়া চিকিৎসায় কিন্তু হিতে বিপরীত হতে পারে।

**প্রশ্নঃ কখন আগুনে পুড়ে যাওয়া রোগীকে অবিলম্বে হাসপাতালে নিয়ে যেতে হবে?**

**ডা. ঘোষঃ** থার্ড ডিগ্রি বার্নে অর্থাৎ আগুন টিস্যু বা তার নিচে পর্যন্ত পৌঁছে গেলে কিংবা তিন ইঞ্চি বা তার বেশি সেকেন্ড ডিগ্রি বার্নে এবং দশ শতাংশের বেশি পুড়ে গেলে একটুও দেরি না করে রোগীকে হাসপাতালে নিয়ে যেতে হবে। এছাড়া, মুখ, হাত পা, কোন অস্থি সন্ধি বা গোপন অঙ্গ পুড়ে গেলে এবং বাচ্চাদের ক্ষেত্রে আগুন থেকে দুর্ঘটনা ঘটলে, যত দ্রুত সম্ভব চিকিৎসা শুরু করা উচিত।